# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩১]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৩৮: ইমামের আগে কোন কাজ করা

## مبادرة الإمام

আরবী

أَخْبَرَنَا مُؤَمَّلُ بْنُ هِشَامٍ، قال: حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَةَ، عَنْ يُونُسَ بْنِ جُبَيْرٍ، عَنْ حِطَّانَ بْنِ عَبْدِ اللَّهِ، قال: صَلَّى بِنَا أَبُو مُوسَى فَلَمَّا كَانَ فِي الْقَعْدَةِ دَخلَ رَجُلٌ مِنَ الْقَوْمِ فَقَالَ أُقِرَّتِ الصَّلَاةُ بِالْبِرِّ وَالزَّكَاةِ فَلَمَّا سَلَّمَ أَبُو مُوسَى أَقْبَلَ عَلَى الْقَوْمِ فَقَالَ: أَيُّكُمُ الْقَائِلُ هَذِهِ الْكَلِمَةَ. فَأَرَمَّ الْقَوْمُ، قال: يَا حِطَّانُ لَعَلَّكَ قُلْتَهَا قال: لَا وَقَدْ خَشِيتُ أَنْ تَبْكَعَنِي بِهَا فَقَالَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يُعَلِّمُنَا صَلَاتَنَا وَسُنَّتَنَا فَقَالَ: إِنَّمَا الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرَ فَكَبِّرُوا وَإِذَا قَالَ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ فَقُولُوا: آمِينَ يُجِبْكُمُ اللَّهُ وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا لَكَ الْحَمْدُ يَسْمَعِ اللَّهُ لَكُمْ وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا فَإِنَّ الْإِمَامَ يَسْجُدُ قَبْلَكُمْ وَيَرْفَعُ قَبْلَكُمْ ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَتِلْكَ بِتِلْكَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ١٦ (٤٠٤)، سنن ابى داود/الصلاة ١٨٢ (٩٧٢، ٩٧٣)، سنن ابن ماجه/إقامة الصلاة ٢٤ (٩٠١)، (تحفة الأشراف: ٨٩٨٧)، مسند احمد ٤/٣٩٣، ٣٩٤، ٤٠١، ٤٠٥، ٤٠٩، ٤١٥، سنن الدارمى/الصلاة ٧١ (١٣٥١)، ويأتى عند المؤلف بأرقام: ١٠٦٥، ١١٧٣، ١٢٨١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 831 ـ صحيح

বাংলা

৮৩০. মুআম্মাল ইবনু হিশাম (রহ.) ..... হিত্তান ইবনু আবদুল্লাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ মূসা (রাঃ) আমাদের নিয়ে সালাত আদায় করলেন যখন তিনি বৈঠকে ছিলেন, এমন সময় এক ব্যক্তি প্রবেশ করে বলল, “সালাত নেকী এবং যাকাত-এর সাথে মিলিত হয়েছে," আবূ মূসা (রাঃ) যখন সালাম ফিরালেন তখন তিনি লোকেদের দিকে ফিরে বললেন, তোমাদের মধ্যে কে এ কথা বলেছে? তখন লোকেরা নীরব হয়ে গেল; তিনি বললেন, হে হিত্তান! হয়ত তুমি এটা বলে থাকবে। তিনি বলেন, না আমি ভয় করেছিলাম, আপনি এর জন্যে আমাকে দোষারোপ করবেন। তিনি বললেন, রাসূলুল্লাহ (সা.) আমাদের সালাতেও তার নিয়ম-কানুন শিক্ষা দিয়েছেন। তিনি বলেছেন, ইমাম এজন্যে যে, তাঁর অনুসরণ করা হবে। যখন তিনি তাকবীর বলেন, তোমরাও তাকবীর বলবে, আর যখন তিনি “গয়রিল মাগযূবি ’আলায়হিম ওয়ালায যোল্লীন” বলেন, তখন তোমরা “আ-মীন” বলবে। তাহলে আল্লাহ তোমাদের দু’আ গ্রহণ করবেন। আর যখন তিনি রুকূ করবেন তখন তোমরাও রুকু করবে। আর যখন তিনি মাথা উঠিয়ে “সামি’আল্ল-হু লিমান হামিদাহ" বলবেন, তখন তোমরা বলবে “রব্বানা-লাকাল হামদ” আল্লাহ তোমাদের কথা শুনবেন। আর যখন ইমাম সিজদা করেন, তোমরাও সিজদা করবে, যখন সিজদা থেকে মাথা উঠাবে তোমরাও মাথা উঠাবে। কারণ ইমাম তোমাদের আগে সিজদা করবেন এবং তোমাদের আগে মাথা উঠাবেন। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: এটা তার সমান হয়ে যাবে।

## English

38. Preceding The Imam

It was narrated that Hittan bin 'Abdullah said: Abu Musa led us in prayer and when he was sitting, a man from among the people entered and said: 'Prayer is based on righteousness and is always mentioned alongside Zakah (in the Qur'an).' When Abu Musa had said the Salam, he turned to the people and said: 'Which of you spoke these words?' The people kept quiet. Then he said: 'O Hittan, perhaps you said it?' He said: 'No, but I was afraid that you would rebuke me for it.' He said: 'The Messenger of Allah (ﷺ) taught us our prayer and Sunnah prayers, and he said: The Imam is appointed to be followed, so when he says the Takbir, say the Takbir; when he says Not (the way) of those who earned Your Anger, nor of those who went astray, say Amin, and Allah will respond to you; when he rises up from bowing and says, 'Sami' Allalhu liman hamidah (Allah hears those who praise Him), say 'Rabbana lakal-hamd (Our Lord, to You be praise),' and Allah will hear you; when he prostrates, prostrate, and when he sits up, sit up. The Imam should prostrate before you do and sit up before you do.' The Messenger of Allah (ﷺ) said: 'This makes up for that.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৪০৪, আবু দাউদ ৯৭২, ইবনু মাজাহ ৯০১, দারিমী ১৩১২, সহীহ ইবনু খুযায়মাহ ১৫৮৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হিত্তান ইবনে আবদুল্লাহ আর-রাকাশী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87204

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন